

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৬১

কৈলাসহর, ৯ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

কৈলাসহরে অতিরিক্ত ভোটকর্মীদের মহড়া

২-ত্রিপুরা পূর্ব (এসটি) লোকসভা সংসদীয় আসনের অন্তর্গত ৫২-চন্ডিপুর ও ৫৩-কৈলাসহর বিধানসভা নির্বাচনী ক্ষেত্রের জন্য নিযুক্ত অতিরিক্ত ভোটকর্মীদের নিয়ে আজ কৈলাসহরের উনকোটি কলাক্ষেত্রে নির্বাচনী মহড়া অনুষ্ঠিত হয়। এই মহড়ায় ১২৪ জন অতিরিক্ত ভোটকর্মী অংশগ্রহণ করেন। ভোটকর্মীদের প্রশিক্ষণ দেন মাস্টার ট্রেনার সঞ্জিত দেববর্মা ও সন্দীপ পাল।
